



## সংবাদ বিজ্ঞপ্তি

১৯ মে ২০০৬

ক্রসরেল তরুণদের জন্য লিঙ্ক ম্যাগাজিনের স্প্রীং বা বসন্তকালীন সংকলন প্রকাশ করেছে

তরুণদেরকে ক্রসরেল প্রোজেক্টের সাথে জড়িত করার জন্য 'দ্যা লিঙ্ক' নামক একটি ম্যাগাজিনের বসন্ত/গ্রীষ্মকালীন সংখ্যা প্রকাশ করা হয়েছে।

এই ম্যাগাজিনের তিন লক্ষ কপি ছাপানো হয়েছে এবং এগুলি লন্ডনের ৭৫০টি স্কুলে পাঠানো হয়েছে, এই ম্যাগাজিনটি ক্রসরেলের ওয়েবসাইটে রাখা হয়েছে।

ক্রস লন্ডন রেল লিঙ্কস এর হেড অফ পাবলিক এ্যাফেয়ার্স বার্নার্ড গ্যামব্রিল বলেন, 'তরুণেরা ভবিষ্যতের যাত্রী। আমরা চাই তারা যেন এই দারুণ প্রোজেক্টের একটি অংশ হিসাবে নিজেকে ভাবতে পারে, আমরা তাদের দৃষ্টিভঙ্গী ও মতামত জানতে চাই'।

তিনি আরো বলেন, 'তরুণেরা ক্রসরেলের মূল চাবিকাঠি। এখন যারা প্রাইমারী স্কুলে পড়তেছে তারা আর ক'দিন পরেই স্কুলে ছেড়ে কর্মক্ষেত্রে প্রবেশ করবে, সেই সময়েই ক্রসরেলের ট্রেন প্রথমবারের মত চলাচল শুরু করবে, সেজন্য তাদের মতামত আমাদের কাছে খুব মূল্যবান।'।

এই সংখ্যাতে স্লাগতে স্টেশানের উন্নয়নের একটি প্রোজেক্টের কথা উল্লেখ করা হয়েছে, এটা নিউহ্যামের সেন্ট এ্যাঞ্জেলাস্ উরসুলিন স্কুলের এ লেভেলের শিক্ষার্থীরা বাস্তবায়ন করেছে, এখানে গেমস, প্রতিযোগিতা এবং ক্রসরেলের কিছু কাজের ভূমিকার মত কিছু নিয়মিত ফিচার আছে - এছাড়াও এখানে তরুণদের চাকরীর ব্যাপারে গুরুত্বপূর্ণ খোঁজখবর দেয়া হয়েছে।

এখানে ক্রসরেলের সিলেক্ট কমিটির ব্যাপারে সাম্প্রতিক তথ্য দেয়া হয়েছে।

আপনি [www.crossrail.co.uk](http://www.crossrail.co.uk) ওয়েবসাইট থেকে এই ম্যাগাজিনের কপি ডাউনলোড করতে পারেন।

আরো তথ্য দরকার হলে সপ্তাহে ৭ দিন এবং প্রতিদিন ২৪ ঘন্টা খোলা হেল্পডেস্কে 0845 602 3813 নম্বরে ফোন করুন অথবা [helpdesk@crossrail.co.uk](mailto:helpdesk@crossrail.co.uk) ঠিকানায় ইমেইল করুন।

শেষ

১৯ মে ২০০৬ তারিখে জারিকৃত

মিডিয়া বা গণমাধ্যম বিষয়ক যেকোন প্রশ্নের জন্য যোগাযোগ করুন: ক্রসরেলের মিডিয়া ম্যানেজার, ইয়ান র্যাথবোন, ফোন নম্বর 020 7150 8760 / 07739 226 285, ফ্যাক্স 020 7150 8801, ই-মেইল [ianrathbone@crossrail.co.uk](mailto:ianrathbone@crossrail.co.uk)